

PRINT

সমকাল

৫৭ বছরে বাকুবি

১১ ঘণ্টা আগে

ময়মনসিংহ ব্যুরো



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) সাফল্য ও গৌরবের ৫৭ বছর উদযাপন করবে আজ রোববার। এ উপলক্ষে বাকুবিতে আসছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এ সময় দেশের প্রথম হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন রাষ্ট্রপতি। গতকাল শনিবার এক সংবাদ সম্মেলনে এ উপলক্ষে বিস্তারিত কর্মসূচির কথা জানিয়েছেন অনুষ্ঠান বাস্তবায়ন কমিটির সদস্য সচিব কৃষিবিদ বদিউজ্জামান বাদশা।

তিনি জানান, আজ দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু স্মৃতি চত্বরে মূল অনুষ্ঠান শুরু হবে। প্রধান অতিথি হিসেবে রাষ্ট্রপতি আসন গ্রহণ করার পর 'বিশ্ববিদ্যালয়ের সাফল্য ও গৌরবের ৫৭ বছর' শীর্ষক ভিডিওচিত্র প্রদর্শন করা হবে।

বাকুবির উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন উপ-উপাচার্য অধ্যাপক ড. জসিমউদ্দিন খান। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ইমেরিটাস অধ্যাপক ড. এম এ সান্তার মণ্ডল। এ ছাড়াও অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, বাকুবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি কৃষিবিদ ড. মো. আবদুর রাজ্জাক, সাধারণ সম্পাদক কৃষিবিদ আবদুল মান্নান, নির্বাহী সম্পাদক কৃষিবিদ বদিউজ্জামান বাদশা প্রমুখ।

বিকেলে বাকুবির হেলিপ্যাডে একটি প্রযুক্তি মেলার উদ্বোধন করবেন রাষ্ট্রপতি। এতে গত ৫৭ বছরে বাকুবি ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি পণ্য থাকবে। মেলা প্রদর্শন শেষে দেশের প্রথম হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউটের উদ্বোধন করবেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে অনুষ্ঠিত হবে বাকুবি অ্যালামনাই সংবর্ধনা। এতে অংশ নেবেন প্রায় চার হাজার গ্র্যাজুয়েট ও তাদের পরিবার। এতে ১১ জন অ্যালামনাইকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হবে। সন্ধ্যায় অ্যালামনাই সদস্যদের জন্য থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে গান গাইবেন আইয়ুব বাচ্চু, রেজওয়ানা চৌধুরী বন্যা, নিশিতা বড়ুয়া প্রমুখ। পুরো অনুষ্ঠানের মিডিয়া পার্টনার সমকাল।

দ

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com